গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

তারিখঃ ৪/০৮/২০২৬ খ্রিষ্টাব্দ

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.৪৭১.২৪.২৫৬

বিষয়ঃ বিভাগীয় মামলা নং ০৬৬/২০২৫ নং এর ব্যক্তিগত শুনানির নোটিশ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আপনি সুমা রানী দত্ত, পিতা- মনোরঞ্জন দত্ত, সিনিয়র স্টাফ নার্স (সাময়িক বরখাস্তকৃত), ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, সুনামগঞ্জ (পূর্বের কর্মস্থল- নার্সিং ইনস্ট্রাক্টর, সিলেট নার্সিং কলেজ, সিলেট) এর বিরুদ্ধে এ অধিদপ্তরের গত ১০/১২/২০২৫ খ্রি. তারিখের ৪২১ নং স্মারকে ০৬৬/২০২৫ নং বিভাগীয় মামলা রুজু করা হয়। অভিযোগনামার জবাব গত ২৪/১২/২০২৫ খ্রি. তারিখে এ অধিদপ্তর বরাবর দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা প্রকাশ করেন।

২। বর্ণিতাবস্থায়, আপনার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার শুনানি আগামী ১৩/০৮/২০২৬ খ্রি. তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা কর্তৃক শুনানি গ্রহণের নিমিত্ত মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষে উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।

04.08.26
মোছাঃ ফরিদা ইয়াসমীন
সহকারী পরিচালক (শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা

সুমা রানী দত্ত
পিতা- মনোরঞ্জন দত্ত
সিনিয়র স্টাফ নার্স (সাময়িক বরখাস্তকৃত)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, সুনামগঞ্জ
(পূর্বের কর্মস্থল- নার্সিং ইনস্ট্রাক্টর, সিলেট নার্সিং কলেজ,
সিলেট)।

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.৪৭১.২৪. ২৫৬/২(৪)

তারিখঃ ৪/০৮/২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে
১। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, সুনামগঞ্জ।
২। সেবা তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, সুনামগঞ্জ। ।
৩। সহকারী পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর, ঢাকা। (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।

04.08.26
সহকারী পরিচালক (শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.৬৭২.২৬. ১৫৫

তারিখ ০৪/০৫/২০২৬ খ্রি.

বিষয়ঃ কারণ দর্শানোর নোটিশ।

আপনি মৃদুলা বিশ্বাস, পিতা- অতুল চন্দ্র বিশ্বাস, নার্সিং সুপারভাইজার (নিজ বেতনে), ইউনিক আইডি নং- ১৩১০৫১৯৯৮৫৫৬১, কর্মস্থল- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গোয়ালন্দ, রাজবাড়ী এর বিরুদ্ধে এই মর্মে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, আপনি দীর্ঘদিন যাবৎ সহকর্মীদের সাথে অশোভন, অসৌজন্যমূলক ও অপমানজনক আচরণ, কর্মপরিবেশ বিনষ্ট, ছুটি প্রদানে বৈষম্য, পক্ষপাতমূলকভাবে ডিউটি রোস্টার প্রণয়ন, রোগী ও রোগীর স্বজনদের সামনে সহকর্মীদের অপদস্ত করা, এমআর ও ডি অ্যান্ড সি (D&C) কার্যক্রমে সম্পৃক্ততা, হাসপাতালের ডায়েট ব্যবস্থাপনায় অনিয়ম, স্টোরের চাবি নিজের নিয়ন্ত্রণে রাখা, ডাক্তারদের জন্য বরাদ্দকৃত কক্ষ নিজের নিয়ন্ত্রণে রাখা এবং দায়িত্ব পালনে স্বেচ্ছাচারিতামূলক আচরণ করে আসছেন মর্মে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গোয়ালন্দ, রাজবাড়ীতে কর্মরত ২৯ (উনত্রিশ) জন সিনিয়র স্টাফ নার্স ও মিডওয়াইফ লিখিত অভিযোগ দায়ের করেন। উক্ত অভিযোগের প্রেক্ষিতে স্থানীয়ভাবে গঠিত ০৩ (তিন) সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি সরেজমিন পরিদর্শন, অভিযোগকারী ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের লিখিত ও মৌখিক বক্তব্য গ্রহণ এবং সংশ্লিষ্ট দলিলাদি পর্যালোচনা করে তদন্ত কার্যক্রম সম্পন্ন করেন। তদন্তকালে অভিযোগকারী নার্সগণ তাদের লিখিত অভিযোগের সত্যতা নিশ্চিত করেন এবং আপনার বিরুদ্ধে সহকর্মীদের সাথে দুর্ব্যবহার, কর্মপরিবেশ বিনষ্ট, ডিউটি রোস্টার প্রণয়নে পক্ষপাতিত্ব, রোগী ও রোগীর স্বজনদের সামনে অপদস্ত করা, ডি অ্যান্ড সি কার্যক্রমে সম্পৃক্ততা, হাসপাতালের ডায়েট ব্যবস্থাপনায় অনিয়ম, স্টোরের চাবি নিজের নিয়ন্ত্রণে রাখা এবং দায়িত্ব পালনে স্বেচ্ছাচারিতামূলক আচরণের অভিযোগ দাখিল করেন। তদন্ত কমিটির দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের বিশ্লেষণে প্রতীয়মান হয়েছে যে, আপনার বিরুদ্ধে সহকর্মীদের সাথে দুর্ব্যবহার, কর্মপরিবেশ বিনষ্ট এবং ডিউটি রোস্টার প্রণয়নে পক্ষপাতিত্বের অভিযোগের সত্যতা পাওয়া গেছে। এছাড়া আপনি গাইনি কনসালট্যান্টের নির্দেশে ডি অ্যান্ড সি করতেন বলে দাবি করলেও তদন্তে জানা যায় যে, সংশ্লিষ্ট গাইনি কনসালট্যান্ট দীর্ঘদিন কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার নজরে বিষয়টি আসার পর আপনি এ ধরনের কার্যক্রম থেকে বিরত থাকেন। তদন্তে আরও প্রতীয়মান হয় যে, আপনি ডাক্তারদের জন্য বরাদ্দকৃত কক্ষ নিজের নিয়ন্ত্রণে রেখেছেন। সরকারি চাকরিতে নিয়োজিত একজন কর্মকর্তার নিকট হতে দায়িত্বশীল, শৃঙ্খলাপূর্ণ ও শোভন আচরণ প্রত্যাশিত। আপনার এরূপ কর্মকান্ড একজন সরকারি কর্মচারীর জন্য শোভনীয় নয়, দায়িত্ব পালনের চরম অবহেলা ও পেশাগত অসদাচরণের সামিল। একজন সরকারি কর্মকর্তার নিকট হতে এ ধরনের আচরণ কোনভাবেই কাম্য নয়। আপনার এরূপ কর্মকান্ড সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর আওতাভুক্ত অপরাধ।

২। এমতাবস্থায়, উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে কেন আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার কারণ পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে আপনাকে লিখিতভাবে কারণ দর্শানোর জন্য অনুমোদনক্রমে নির্দেশ প্রদান করা হলো।

04.05.26
মোছাঃ ফরিদা ইয়াসমীন
সহকারী পরিচালক (শৃঙ্খলা)
ই-মেইলঃ info@dgnm.gov.bd

**কর্মস্থলের ঠিকানা**
মৃদুলা বিশ্বাস
পিতা- অতুল চন্দ্র বিশ্বাস
নার্সিং সুপারভাইজার (নিজ বেতনে)
ইউনিক আইডি নং- ১৩১০৫১৯৯৮৫৫৬১
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গোয়ালন্দ, রাজবাড়ী।

স্থায়ী ঠিকানা
মৃদুলা বিশ্বাস
পিতা- অতুল চন্দ্র বিশ্বাস
গ্রামঃ ডাকাতিয়া, পোঃ শিরোমনি,
উপজেলাঃ ফুলতলা, জেলাঃ খুলনা।

CamScanner

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.৬৭২.২৬. ২৫৫ (১-৫৪) তারিখ: ০৫/০৮/২০২৬ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

১। সিভিল সার্জন, রাজবাড়ী।

২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী।

৩। সহকারী পরিচালক, পিএমআইএস, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

04.08.26

সহকারী পরিচালক (শৃঙ্খলা)

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর